



লন্ডনে হাসিনার সাথে সরকারের গুরুত্বপূর্ণ বৈঠক!

এনা, লন্ডন থেকেঃ বিশেষ কারাগারে আটক দুই নেত্রীর সাথে সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের গোপন বৈঠকের জের হিসেবে প্যারলে মুক্তিপ্রাপ্ত শেখ হাসিনার সাথে পুনরায় সরকারের গুরুত্বপূর্ণ একজন কর্মকর্তার বৈঠক হয় সেন্ট্রাল লন্ডনে। (বাকি অংশ ৬ এর পাতায়)

ব্রিটেনের ইমিগ্রেশন আইনে আরো সংস্কার, ৮ ক্যাটাগরীর ইমিগ্রেশন পদ্ধতি বন্ধ

শামছুল আলম মেহেদী, লন্ডন থেকেঃ ব্রিটেনের ইমিগ্রেশন আইনে আরো সংস্কার আনা হয়েছে। আর এতে বাদ পড়েছে পূর্বের ৮ ক্যাটাগরীর ইমিগ্রেশন পদ্ধতি। (বাকি অংশ ৮ এর পাতায়)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্কলারদেরকে “ফ্রিডম অব থটস” “ফ্রিডম অব আইডিয়াস” নিয়ে কাজ করতে হবেঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এসএম ফায়েজ

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. এস এম ফায়েজ বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একেকজন শিক্ষক যেমন স্কলার, তেমনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একেকটি ছাত্রও জুনিয়র স্কলার হিসাবে বিবেচিত। স্কলারদের মধ্যে “ফ্রিডম অব থটস” “ফ্রিডম অব আইডিয়াস” অবশ্যই কাজ করতে হবে। গত ৩ জুলাই নিউইয়র্কের হিলটনে অনুষ্ঠিত ফোবানা সম্মেলনের প্রধান অতিথি হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. এস এম ফায়েজ নিউইয়র্কে আসেন। এই সময় তিনি বার্তা সংস্থা ভয়েস অব বাংলাদেশ প্রতিনিধী শিবীর আহমেদ এর সাথে হিলটন হোটেলের এক একান্ত সাক্ষাতকারে মিলিত হন। (বাকি অংশ ১০ এর পাতায়)

বাংলাদেশে ঘাঁটি গাঁড়ছে আল কায়দার সহযোগী সংগঠনগুলো

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ একদিকে সিআইএ পেন্টাগন আফগানিস্তান ও পাকিস্তানের দুর্গ পার্বত্য এলাকায় আল কায়দা নেতা ওসামা বিন লাদেনকে ধরার বৃথা চেষ্টা করে যাচ্ছে অপরদিকে বাংলাদেশের বর্তমান সরকার ও ইসলামী শক্তির ছত্রছায়ায় (বাকি অংশ ৬ এর পাতায়)

প্রবাসীদের সঙ্গে সংলাপ, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর করবেন দুই উপদেষ্টা

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ প্রবাসী বাংলাদেশীদের সঙ্গে সংলাপের দিনক্ষণ চূড়ান্ত করতে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর করছেন সরকারের দুই উপদেষ্টা। বর্তমানে যুক্তরাষ্ট্রে রয়েছেন যোগাযোগ উপদেষ্টা মেজর (বাকি অংশ ৮ এর পাতায়)

ব্রিটেন গিয়েও প্রতারণা করছে দেশের ভন্ড প্রতারণা

শামছুল আলম মেহেদী, লন্ডন থেকেঃ দেশে প্রতারণা করতে করতে এবার সাত সমুদ্র আর তেরো নদি পাড়ি দিয়ে, ব্রিটেন গিয়েও প্রতারণা করছে দেশের ভন্ড প্রতারণা। ভিজিটে ব্রিটেন গিয়ে সহজ সরল বাঙালিদের বিভিন্ন প্রলোভনে (বাকি অংশ ৬ এর পাতায়)

ভোটার হতে পারছেন না প্রবাসীরা

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ ভোটার তালিকা বিধিমালায় দু’টি উপধারা সংযোজন না করার কারণে এবার নির্বাচনের আগে প্রবাসীদের ভোটার করতে পারছে না নির্বাচন কমিশন (ইসি)। এ নিয়ে কমিশন একাধিকবার প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করেছেন। কিন্তু সরকারের তরফ থেকে কোনো উদ্যোগ না থাকায় প্রবাসীদের ভোটার করার উদ্যোগ ভেঙে যেতে বসেছে। (বাকি অংশ ৮ এর পাতায়)

ইন্টারপোলের ওয়ানটেড লিষ্টে বাংলাদেশের ভিআইপিদের তালিকা ও ছবি

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের ওয়েব সাইটের বাংলাদেশ চ্যাপ্টার খুলতেই ভেসে উঠবে ভিআইপিদের ছবি। সন্ত্রাসীদের তালিকায় এসব ভিআইপি নাম উঠেছে। ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে তাদের নাম-পরিচয় ও জন্ম তারিখসহ নানা তথ্য। এক সময়ে যারা জনগণের প্রতিনিধিত্ব করেছেন তাদেরও অনেকের ছবি রয়েছে ওই তালিকায়। এসব ভিআইপি নাম উঠেছে। ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে তাদের নাম-পরিচয় ও জন্ম তারিখসহ নানা তথ্য। এক সময়ে যারা জনগণের প্রতিনিধিত্ব করেছেন তাদেরও অনেকের ছবি রয়েছে ওই তালিকায়। এসব ভিআইপি নাম উঠেছে। ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে তাদের নাম-পরিচয় ও জন্ম তারিখসহ নানা তথ্য। এক সময়ে যারা জনগণের প্রতিনিধিত্ব করেছেন (বাকি অংশ ৮ এর পাতায়)



নিউইয়র্ক : হোটেল হিলটনের ফোবানা সম্মেলনে অংশগ্রহণের জন্য ওয়াশিংটন ডিসি থেকে আগত প্রবাসী বাংলাদেশীদের একাংশকে দেখা যাচ্ছে। ছবিঃ ডিওবিডি।